**সচিব**
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

**Secretary**
Ministry of Science and Technology
Government of the People's Republic of Bangladesh
Bangladesh Secretariat, Dhaka-1000

নম্বর: ৩৯.০০.০০০০.০০০.২০৭.০২.০০১.২৫-৯৫

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩ / ৩০ আগস্ট ২০২৬

**বিষয়: বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬-এ দেশের সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অংশগ্রহণ নিশ্চিতকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ।**

প্রিয় মহোদয়,

বাংলাদেশের উদ্ভাবন, গবেষণা, প্রযুক্তি ও উদ্যোক্তা কার্যক্রমকে একটি সমন্বিত জাতীয় প্ল্যাটফর্মে উপস্থাপন এবং সরকারি-বেসরকারি খাত, বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান, উদ্ভাবক, উদ্যোক্তা ও বিনিয়োগকারীদের মধ্যে কার্যকর সংযোগ স্থাপনের লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উদ্যোগে **বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬** আগামী **১২-১৪ সেপ্টেম্বর ২০২৬** তারিখে ঢাকার **নভো থিয়েটারে** অনুষ্ঠিত হতে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী **জনাব তারেক রহমান** ১২ সেপ্টেম্বর ২০২৬ তারিখে মেলার উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬ দেশের উদ্ভাবন ও প্রযুক্তি-ভিত্তিক কর্মকাণ্ডকে দৃশ্যমান করার পাশাপাশি **Idea → IP → Prototype → Investment → Market → Scale-up** ধারায় উদ্ভাবনকে এগিয়ে নেওয়ার জন্য একটি জাতীয় প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে। মেলায় বিশ্ববিদ্যালয়সমূহের গবেষণা ও উদ্ভাবনের ফলাফল, প্রযুক্তি ও প্রোটোটাইপ, স্টার্টআপ ও উদ্যোক্তা উদ্যোগ, শিল্পখাতের প্রযুক্তি এবং বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের উদ্ভাবনী কার্যক্রম প্রদর্শনের সুযোগ থাকবে। একই সঙ্গে নীতিনির্ধারক, শিল্পোদ্যোক্তা, গবেষক, বিনিয়োগকারী, উদ্ভাবক ও আন্তর্জাতিক অংশীজনদের মধ্যে সংলাপ ও যোগাযোগের সুযোগ সৃষ্টি হবে।

এ প্রেক্ষাপটে দেশের **সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়কে সক্রিয়ভাবে বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬ এ অংশগ্রহণের জন্য উৎসাহিত ও সম্পৃক্ত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ**। বিশ্ববিদ্যালয়সমূহের গবেষণা, উদ্ভাবন, প্রযুক্তি, পেটেন্ট, প্রোটোটাইপ, স্টার্টআপ ও শিক্ষার্থীদের উদ্ভাবনী উদ্যোগ প্রদর্শনের মাধ্যমে একদিকে যেমন দেশের উচ্চশিক্ষা ও গবেষণার সক্ষমতা তুলে ধরা সম্ভব হবে, অন্যদিকে গবেষণা ও উদ্ভাবনকে শিল্প ও বাজারের সঙ্গে সংযুক্ত করার নতুন সুযোগ সৃষ্টি হবে।

এমতাবস্থায়, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাধ্যমে দেশের **সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬-এ অংশগ্রহণ এবং বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা/অনুরোধপত্র প্রেরণ এবং প্রত্যেক বিশ্ববিদ্যালয়কে মেলায় একটি স্টল/প্রদর্শনী স্পেস গ্রহণ নিশ্চিত করে সক্রিয়ভাবে অংশগ্রহণে উৎসাহিত জন্য অনুরোধ করার** জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, মেলার প্রস্তুতি ও স্টল বরাদ্দের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার স্বার্থে বিশ্ববিদ্যালয়সমূহকে **আগামী ৬ সেপ্টেম্বর ২০২৬-এর মধ্যে** তাদের অংশগ্রহণ ও স্টল নিশ্চিত করার জন্য অনুরোধ করা যেতে পারে। অংশগ্রহণ, স্টল বরাদ্দ, প্রদর্শনীর বিষয়বস্তু, নিবন্ধন, লজিস্টিকস এবং অন্যান্য যেকোনো বিষয়ে যোগাযোগ, জিজ্ঞাসা ও প্রয়োজনীয় ব্যাখ্যার জন্য নিম্নোক্ত ফোকাল পয়েন্টে যোগাযোগের অনুরোধ করা হলো:

নাম: ড. সালমা আক্তার খুকী
পদবি: যুগ্মসচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
মোবাইল: ০১৭৩২-৩২৯৭৫৭
ই-মেইল: js1@most.gov.bd

মেলার বিস্তারিত তথ্য ও অংশগ্রহণের নির্দেশনা **innovationfairbd.org** ওয়েবসাইটে পাওয়া যাবে।

বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের গবেষণা ও উদ্ভাবনী সক্ষমতাকে জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে তুলে ধরতে এবং একটি শক্তিশালী বিশ্ববিদ্যালয়-শিল্প-সরকার-উদ্ভাবন সংযোগ গড়ে তুলতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ বিষয়ে আপনার সদয় সহযোগিতা ও প্রয়োজনীয় উদ্যোগ প্রত্যাশা করছি।

শুভেচ্ছান্তে,

৩০/০৮/২৫

**মোঃ আনোয়ার হোসেন**
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)
ঢাকা।